দৈনিক ইত্তেফাক

তারিখ 18 DEC 1992
পৃষ্ঠা ৩ কলাম ৫

22

# কয়েকটি সরকারী প্রাথমিক বিদ্যালয়ের ছাদ ধসিয়া পড়ার উপক্রম

সরাইল (ব্রাহ্মণবাড়িয়া) সংবাদদাতা ॥ সরাইল, নাসিরনগর, কসবা, ব্রাহ্মণবাড়িয়া, আখাউড়া, নবীনগর ও বাঞ্ছারামপুর থানার অর্ধশতাধিক সরকারী প্রাথমিক বিদ্যালয়ের ছাদ ও দেয়াল ভাঙ্গিয়া পড়ার উপক্রম হইয়াছে। শিক্ষা বিভাগ হইতে ঐ সকল বিদ্যালয় গৃহে ক্লাস না নেওয়ার জন্য নির্দেশ দেওয়া হইলেও বিকল্প ব্যবস্থা না থাকায় কোন কোন স্কুলগৃহে বিপদের ঝুঁকি লইয়া ক্লাস নেওয়া হইতেছে। আবার কোন কোন স্কুলের ক্লাস কাচারি ঘরে অথবা গাছ তলায় নেওয়া হইতেছে। এই সকল স্কুলের মধ্যে সরাইল থানার মহলদারা সরকারী প্রাথমিক বিদ্যালয়ের অবস্থা অত্যন্ত করুণ।

কুমিল্লা সংবাদদাতা জানান, লাকসাম থানার উত্তরদা সরকারী প্রাথমিক বিদ্যালয় ভবনটি ভাঙ্গিয়া পড়ার উপক্রম হইয়াছে। ভবনের ছাদে ফাটল ধরিয়াছে। প্রায়ই ছাদের আস্তর ধসিয়া পড়ে। ছাত্র ছাত্রীরা বিপদের ঝুকি নিয়া ক্লাশ করে।